দৈনিক ইনকিলাব

022

তারিখ 16 JUN 1987
পৃষ্ঠা ... ... 14 কলাম ... ... ...

# উপজেলা পরিক্রমা

## পাটগ্রাম

লালমনিরহাট, ১৪ জুন (সংবাদদাতা)।—এ জেলার অবহেলিত উপজেলার নাম পাটগ্রাম। থানা থেকে উপজেলায় উন্নীত হবার পর আজও পাটগ্রামে বহুবিধ সমস্যা আগের মতই রয়েছে।

প্রায় ৯৩ বর্গমাইল আয়তনবিশিষ্ট এই উপজেলায় ইউনিয়ন রয়েছে মোট ৬টি ও গ্রাম ৫৩টি এবং লোকসংখ্যা ১ লাখ ২৪ হাজার। উপজেলা থেকে জেলা সদরের দূরত্ব মাত্র ৪০ মাইল। অথচ তেমন কোন উন্নয়নমূলক কাজ এখানে হয়নি।

**কৃষি ব্যবস্থা**

উপজেলায় মোট জমির পরিমাণ ৫৯ হাজার ৫শ' ২০ একর। এর মধ্যে ৪৮ হাজার একর আবাদি। অধিবাসীদের শতকরা ৯০ জনই কৃষক। মোট জনসংখ্যার প্রায় ৩০ হাজার লোকই ভূমিহীন। এখানকার উৎপন্ন দ্রব্যের মধ্যে তামাক, পাট ও ধান উল্লেখযোগ্য। কিন্তু এখানকার কৃষি ক্ষেত্রে তেমন উন্নতি ঘটেনি।

**চিকিৎসা ব্যবস্থা**

উপজেলা স্বাস্থ্য কেন্দ্রসহ মোট চিকিৎসা কেন্দ্র রয়েছে ৪টি। কিন্তু এসব কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক ও ওষুধপত্র না থাকার কারণে লোকজন সুচিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে।

উপজেলা স্বাস্থ্য কেন্দ্রটিতে রয়েছে ৩১টি রোগী শয্যা। এতে কোন এম্বুলেন্স নেই।

**শিক্ষা ব্যবস্থা**

উপজেলাটিতে ১টি সরকারী কলেজসহ মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৭৩টি। প্রায়ই শিক্ষা প্রতিষ্ঠানে রয়েছে চেয়ার, টেবিল ও বেঞ্চ সংকট।

**যোগাযোগ ব্যবস্থা**

যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত শোচনীয়। জেলা সদরের সাথে যোগাযোগের একমাত্র মাধ্যম ট্রেন। উপজেলার পাকা রাস্তা মাত্র ১ মাইল। বাকি কাঁচা।